

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৯২

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৩) হাদীছ শোনা, পৌঁছিয়ে দেয়া ও তা লিখার প্রতি উদ্বুদ্ধকরণ এবং রাসুলুল্লাহ (সাঃ)এর প্রতি মিথ্যারোপ করার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترغيب في سماع الحديث وتبليغه ونسخه والترهيب من الكذب على رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

(صحيح لغيره) وَعَنْ جبير بن مطعم قال: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ بِالْخَيْفِ خَيْفِ مِنَّى: نَضَّرَ اللَّهُ عَبْدًا سَمِعَ مَقَالَتِي فَحَفِظَها وَوَعَاهَا وَبَلَّغَهَا مَنْ لَمْ يَقُولُ بِالْخَيْفِ خَيْفِ مِنَّ هُو أَفْقَهُ مِنْهُ ، ثَلاثٌ لا يَغِلُّ يَسْمَعْهَا فَرُبَّ حَامِلِ فِقْهِ ، إِلَى مَنْ هُو أَفْقَهُ مِنْهُ ، ثَلاثٌ لا يَغِلُّ يَسْمَعْهَا فَرُبَّ حَامِلِ فِقْهٍ ، إِلَى مَنْ هُو أَفْقَهُ مِنْهُ ، ثَلاثٌ لا يَغِلُّ عَلَيْهِنَّ قَلْبُ مُؤْمِنِ إِخْلاصُ الْعَمَلِ لِلَّهِ وَالنَّصِيحَةُ لأَئِمَّةِ الْمُسْلِمِينَ ، وَلُزُومُ جَمَاعَتِهِمْ ، عَلَيْهِنَّ قَلْبُ مُؤْمِن إِ إِخْلاصُ الْعَمَلِ لِلَّهِ وَالنَّصِيحَةُ لأَئِمَّةِ الْمُسْلِمِينَ ، وَلُزُومُ جَمَاعَتِهِمْ ، فَإِنْ مَعْتَصِدا فَإِنْ مَاجِه والطبراني في الكبير مختصرا ومطولا

## বাংলা

৯২. (সহীহ্ লি গাইরিহী) জুবাইর বিন মুত্এম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি শুনেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

'আল্লাহ তা'আলা সেই বান্দাকে সৌন্দর্যতা ও উজ্জলতা দান করুন, যে আমার বক্তব্য শুনেছে উহা মুখন্ত করেছে ও ভালভাবে সংরক্ষণ করেছে এবং যে শুনেনি তার কাছে পৌঁছে দিয়েছে। কেননা কতক জ্ঞান বহনকারী ব্যাক্তি কোন জ্ঞান রাখে না। আর জ্ঞান বহনকারী কতক ব্যাক্তি তার চাইতে বেশী জ্ঞানীর নিকট তা পৌঁছিয়ে দেয়। তিনটি ক্ষেত্রে মুমিন ব্যাক্তির দিলে কোন হিংসা-দ্বেষ থাকে না। (১) আমলকে এখলাসের সাথে আল্লাহর জন্য নির্দিষ্ট করা। (২) মুসলমানদের নেতৃবৃন্দকে নসীহত করা। এবং (৩) তাদের জামাআতকে আঁকড়ে থাকা। কেননা তাদের দু'আ পরবর্তীদেরকেও শামিল করে।''

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৪/৮০, ইবনু মাজাহ্ ২৩১ ও ত্বাবরানী [কাবীর গ্রন্থে] সংক্ষিপ্ত ও দীর্ঘাকারে ১/৭৭)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন